

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.bkkf.org.bd

বিষয়ঃ বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত “নৈতিকতা কমিটির” সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আনিস মাহমুদ, সচিব (অতিরিক্ত সচিব)
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
সভার তারিখ : ২৭ সেপ্টেম্বর ২০১৮
সভার সময় : বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান : বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কার্যালয়
উপস্থিত সদস্য : (ক) মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
(খ) মোঃ আবু তাহের ভূঁইয়া, সহ: হি: রক্ষণ কর্মকর্তা, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
(গ) মোঃ ইনতিয়াজ হোসেন, অফিস সহ: কাম-কম্পি: অপারেটর, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে ফাউন্ডেশনের নির্বাহী কর্মকর্তা এবং নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন। এতে দেখা যায় যে, প্রত্যেক কোয়ার্টারের নৈতিকতা কমিটির একটি করে সভা অনুষ্ঠিত হওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। এছাড়া অফিসের কাজে ১০০% ইউনিকোড ব্যবহার বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে এবং ফাউন্ডেশনের কাজে ১০০% ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা হচ্ছে। দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/এসএমএস)-এর ব্যবহার ১০% লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকলেও ৭% বাস্তবায়িত হয়েছে। এছাড়া কোন অভিযোগ পাওয়া যায়নি।

২। সভায় আরো জানানো হয় যে, ২০১৮-১৯ অর্থবছরের ক্রীড়াসেবীদের এককালীন অনুদান প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারে। এছাড়া ফাউন্ডেশনের সাংগঠনিক কাঠামো ও নিয়োগ প্রবিধানমালা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সাংগঠনিক কাঠামো ও খসড়া নীতিমালা জনপ্রশাসন এবং অর্থ মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণের বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য ফাউন্ডেশনের নির্বাহী কর্মকর্তাকে দায়িত্ব দায়িত্ব প্রদান করা হয়।

৩। সভায় ফাউন্ডেশনের সকল নথি ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করার বিষয়ে সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

৪। সভায় আরো উল্লেখ করা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনা অনুযায়ী ফাউন্ডেশনের তহবিলে প্রদত্ত চাঁদা, অনুদানের অর্থ করমুক্ত রাখার লক্ষ্যে মন্ত্রণালয় হতে জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করা হয়েছে। সভায় এ বিষয়ে অর্থ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডে নিয়মিত যোগাযোগ রক্ষা করার জন্য নির্বাহী কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়।

৫। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) ২য় কোয়ার্টার্সে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/এসএমএস)-এর ব্যবহার ১০% লক্ষ্যমাত্রা পূরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।।

(খ) মন্ত্রণালয়ে যথাসময়ে ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করতে হবে।

(গ) সকল নথি ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।

(ঘ) ফাউন্ডেশনের সাংগঠনিক কাঠামো ও নিয়োগ প্রবিধানমালা প্রণয়ন, কল্যাণমূলক কার্যক্রমের নীতিমালা প্রণয়ন এবং অনলাইনে আবেদন করার বিষয়ে ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারী সর্বাঙ্গিক সহায়তা প্রদান করবেন।

(ঘ) ২০১৮-১৯ অর্থবছরের ক্রীড়াসেবীদের এককালীন অনুদান প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে।

(ঙ) নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের সাংগঠনিক কাঠামো, খসড়া নীতিমালা এবং তহবিলে প্রদত্ত অনুদান, চাঁদা করমুক্ত করার বিষয়ে অর্থ মন্ত্রণালয়ে, জনপ্রশাসন মন্ত্রণালয়ে ও জাতীয় রাজস্ব বোর্ডে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/২৭-০৯-২০১৮

আনিস মাহমুদ

সচিব (অতিরিক্ত সচিব)

ফোন-৯৫৭৩৫৭০।

e-mail-sec.bkkf@gmail.com

স্মারক নং-৩৪.০৫.০০০০.০০০.০৬.০৬৭.১৭-

তারিখঃ ২৭ সেপ্টেম্বর ২০১৮।

অনুলিপি প্রেরণ করা হলঃ

১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সদয় অবগতির জন্য।

২। যুগ্মসচিব (প্রশাসন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সদয় অবগতির জন্য।

৩। জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন।

৪। জনাব মোঃ আবু তাহের ভূঁইয়া, সহ: হি: রক্ষণ কর্মকর্তা, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন।

৫। জনাব মোঃ ইনতিয়াজ হোসেন, অফিস সহ: কাম-কম্পিউটার অপারেটর, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন।

৬। অফিস কপি।

স্বাক্ষরিত/২৭-০৯-২০১৮

আনিস মাহমুদ

সচিব (অতিরিক্ত সচিব)

ফোন-৯৫৭৩৫৭০।

e-mail-sec.bkkf@gmail.com